দৈনিক সংবাদ

তারিখ 24 NOV 1991
পৃষ্ঠা ১ কলাম ৩

### ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

## ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার আহ্বান

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অবিলম্বে ক্যাম্পাস থেকে সকল প্রকার সন্ত্রাসী কার্যকলাপ উৎখাত করে শিক্ষার প্রকৃত পরিবেশ ফিরিয়ে আনার

ক্যাম্পাস ঃ পৃঃ ১২ কঃ ৬

## ক্যাম্পাস ঃ সন্ত্রাস নির্মূলের দাবী

( ১ম পাতার পর )

জন্য সরকারসহ সংশ্লিষ্ট সকল মহলের প্রতি পুনরায় আহ্বান জানিয়েছেন।

গতকাল শনিবার দুপুরে অনুষ্ঠিত সমিতির এক জরুরী সাধারণ সভায় এ আহ্বান জানানো হয়।

সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ক্যাম্পাসের পরিস্থিতি বিবেচনা করে সন্ত্রাস নির্মূলের দাবীতে সমিতির চলতি কর্মবিরতির কর্মসূচী অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়।

আগামী ২রা ডিসেম্বর পুনরায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হবে।